# মডেল টেস্ট-০৮

## প্রাথমিক বিজ্ঞান

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

**১. সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ: ১×৫০=৫০**

**১. রাতের আকাশে তুমি কালপুরুষ নক্ষত্র দেখতে চাও। এক্ষেত্রে কোন যন্ত্রটির সাহায্য নিবে?**

ক. অণুবীক্ষণ যন্ত্র খ. দূরবীক্ষণ
গ. নভোজান ঘ. মাইক্রোস্কোপ

**২. পৃথিবী একদিকে হেলে থেকে সূর্যের চারিদিকে ঘোরে। এতে পৃথিবীর মেরুরেখা অক্ষের সাথে কোণ সৃষ্টি করে। এ কোণটি কত ডিগ্রি?**

ক. ৪৪ ডিগ্রি খ. ৫৫ ডিগ্রি
গ. ৬৬ ডিগ্রি ঘ. ৭৭ ডিগ্রি

**৩. পৃথিবী সূর্যের চারদিকে ঘোরে। পৃথিবীর এই ঘূর্ণনকে কী বলে?**

ক. আহ্নিক গতি খ. বার্ষিক গতি
গ. কম্পন গতি ঘ. দোলন গতি

**৪. রিফাতের মামা একজন বিজ্ঞানী। সে রোজ বাড়ির ছাদে একটি যন্ত্র দিয়ে মহাকাশে কোনো কিছু খোঁজে। এক্ষেত্রে রিফাতের মামা কী যন্ত্র ব্যবহার করে?**

ক. অণুবীক্ষণ যন্ত্র খ. দূরবীন
গ. ক্যামেরা ঘ. টেলিস্কোপ

**৫. রবি উত্তর গোলার্ধের দেশ নেপালের বাসিন্দা। সে জানে সূর্য পৃথিবীকে একে ঋতুতে এককেভাবে কিরণ দেয়। গ্রীষ্মকালে রবিদের গোলার্ধে সূর্য কীভাবে কিরণ দেয়?**

ক. খাড়াভাবে খ. তির্যকভাবে
গ. বামপাশে হেলে ঘ. ডানপাশে হেলে

**৬. সুবল জানালা দিয়ে দেখল আকাশে ঘন মেঘ করেছে। এই মেঘের সৃষ্টি কোনটি থেকে?**

ক. নাইট্রোজেন খ. জলীয় বাষ্প
গ. অক্সিজেন ঘ. হাইড্রোজেন

**৭. তুমি কখনও শিলাবৃষ্টি দেখে থাকবে। এ ধরনের বৃষ্টির কারণ কোনটি?**

ক. মেঘের পানিকণা খুব ঠান্ডা হয়ে যাওয়া
খ. মেঘের পানির সাথে বরফ মেশানো হয়
গ. মেঘের পরিবর্তে বরফ নামে
ঘ. মেঘের পানিকণা খুব উত্তপ্ত হয়ে যায়

**৮. হাসপাতালে আগুন নেভানোর জন্য সতর্কতামূলক অগ্নি নির্বাপক যন্ত্র ব্যবহার করা হয়। এই যন্ত্রে কী থাকে?**

ক. অক্সিজেন খ. কার্বন ডাইঅক্সাইড
গ. নাইট্রোজেন ঘ. হাইড্রোজেন

**৯. তুমি যে খাদ্য গ্রহণ কর তা ভেঙ্গে শক্তি উৎপন্ন হয়। এক্ষেত্রে কোনটি ভূমিকা পালন করে?**

ক. অক্সিজেন
খ. নাইট্রোজেন
গ. কার্বন ডাইঅক্সাইড
ঘ. ক্লোরোফিল

**১০. বায়ু দূষণের কারণ কোনটি?**

ক. বেশি করে গাছ লাগানো
খ. কলকারখানার বিষাক্ত ধোঁয়া
গ. গৃহস্থালির বর্জ্য নির্দিষ্ট স্থানে রাখা
ঘ. ত্রুটিপূর্ণ গাড়ি না চালানো

**১১. তাপ সঞ্চালনের তিনটি প্রক্রিয়া রয়েছে। কোনটি তাপ সঞ্চালনের প্রক্রিয়া নয়?**

ক. পরিবহন খ. পরিচলন
গ. বিকিরণ ঘ. প্রতিফলন

**১২. আমরা দৈনন্দিন নানান কাজে বিদ্যুৎ শক্তি ব্যবহার করি। নিচের কোন ক্ষেত্রে বিদ্যুৎ শক্তি ব্যবহৃত হয়?**

ক. মোমবাতি জ্বালাতে
খ. সাইকেল চালাতে
গ. টেলিভিশন দেখতে
ঘ. স্কুলে ঘণ্টা বাজাতে

**১৩. অনিন্দ্য জ্বরে দুর্বল হয়ে পড়লে ডাক্তার তাকে সুষম খাদ্যের একটি তালিকা অনুযায়ী খাদ্য খাওয়ানোর পরামর্শ দেন। অনিন্দ্য ১২ বছরের শিশু। তার আমিষ জাতীয় খাদ্য প্রতিদিন কত বার খেতে হবে?**

ক. ২-৩ বার খ. ৩-৪ বার
গ. ১-২ বার ঘ. ৪-৫ বার

**১৪. তুলিকা গ্রীষ্মকালে শীতের সবজি কিনে আনল। অনেক দিন রেফ্রিজারেটর ছাড়া রাখার ফলেও তা নষ্ট হলো না। তুলিকার সবজিতে কোন রাসায়নিক পদার্থ ছিল?**

ক. ফরমালিন খ. ভিনেগার
গ. কার্বাইড ঘ. লবণ

**১৫. খাদ্যে নানা রকম রাসায়নিক দ্রব্য মেশানো হয়। নিম্নের কোনটি খাদ্যে মেশানো হয়?**

ক. ক্যালসিয়াম কার্বাইড
খ. নাইট্রোজেন
গ. সালফার
ঘ. অক্সিজেন

**১৬. তিথীদের ফুলের টবে অনেক পানি জমে থাকে। এখানে এডিস মশা থাকে। এই মশার কামড়ে তিথীর কোন ধরনের জ্বর হতে পারে?**

ক. ম্যালেরিয়া খ. টাইফয়েড
গ. ডেঙ্গু ঘ. সোয়াইন ফ্লু

**১৭. শাকিলের বয়স ১৩ বছর। শাকিল এখন কোন কাল অতিক্রম করছে?**

ক. শিশুকাল খ. বাল্যকাল
গ. বয়ঃসন্ধিকাল ঘ. যৌবনকাল

**১৮. পৃথিবীর যে দিকটা সূর্যের দিকে মুখ করে থাকে সেই দিকটায় কী ঘটে?**

ক. দিন খ. রাত
গ. পূর্ণিমা ঘ. অমাবস্যা

**১৯. নাফিসার দেশে ছয়টি ঋতু পরিবর্তিত হয়। এপ্রিল-মে তে গ্রীষ্মকাল হলে ডিসেম্বর-জানুয়ারিতে শীতকাল হয়। এই পরিবর্তন পৃথিবীর কোন গতির কারণে সংগঠিত হয়?**

ক. আহ্নিক গতি খ. বার্ষিক গতি
গ. আলোকগতি ঘ. শব্দ গতি

Teachingbd.com

http://teachingbd.com

২০. মে থেকে জুন মাস বাংলাদেশে গ্রীষ্মকাল। এসময় পৃথিবী কোন গোলার্ধে হেলে থাকে?
ক. দক্ষিণ গোলার্ধে খ. পূর্ব গোলার্ধে
গ. উত্তর গোলার্ধে ঘ. পশ্চিম গোলার্ধে

২১. কৃষি প্রযুক্তির প্রথম যুগকে বলা হয় উন্নত ও যন্ত্র ব্যবহারের যুগ। নিচের কোনটি ব্যবহার হয় এই যুগে?
ক. লাঙ্গল দিয়ে জমি চাষ
খ. সেচের প্রচলন
গ কোদাল ব্যবহার ঘ. কাস্তে দিয়ে ফসল কাটা

২২. রন্তু পত্রিকায় পড়লো ফিলিস্তিনে বোমা বিস্ফোরণে অনেক লোক মারা গেছে। এটি প্রযুক্তির কীরূপ ব্যবহার?
ক. ভয়াবহ খ. যথাযথ
গ. আকর্ষনীয় ঘ. স্বাভাবিক

২৩. তথ্য আমাদের কীভাবে সাহায্য করে?
ক. নতুন কিছু শিখতে
খ. পারস্পরিক সম্পর্ক নষ্ট করতে
গ. অসচেতন হতে ঘ. ঘুমাতে

২৪. অন্তর বিজ্ঞান সম্পর্কে তথ্য সংগ্রহ করতে পৃথিবীর বিভিন্ন প্রান্তের কম্পিউটার সংযুক্তকারী বিশাল নেটওয়ার্কের সাহায্য নেয়। অন্তরকে সহায়তাকারী নেটওয়ার্ককে কী বলে?
ক. ইন্টারনেট খ. মোবাইল
গ. টেলিভিশন ঘ. ডেস্কটপ

২৫. শিলা সুন্দরবন বেড়াতে গেল। সুন্দরবনের মনোরম দৃশ্য বন্ধুদের দেখাতে সে কোনটি ব্যবহার করবে?
ক. টেলিভিশন খ. রেডিও
গ. ক্যামেরা ঘ. মোবাইল

২৬. বায়ু তার ওজনের কারণে ভূপৃষ্ঠের উপর এক ধরনের চাপ প্রয়োগ করে এই চাপকে কী বলে?
ক. নিম্নচাপ খ. বায়ুচাপ
গ. উর্ধ্বচাপ ঘ. ওজন

২৭. আবির তার অফিসের কাজে সেন্টমার্টিন গেলে সেখানে নিম্নচাপের ফলে সামুদ্রিক বজ্রঝড় শুরু হয়। আবির কোন ঝড়ের কবলে পড়ে?
ক. কালবৈশাখী খ. ঘূর্ণিঝড়
গ. টর্নেডো ঘ. বন্যা

২৮. সুমনা এক পরিসংখ্যানিক প্রতিবেদনে দেখেন পৃথিবীর তাপমাত্রা দিন দিন বাড়ছে। এভাবে তাপমাত্রা বেড়ে যাওয়াকে কী বলে?
ক. আবহাওয়া পরিবর্তন
খ. জলবায়ু পরিবর্তন
গ. বৈশ্বিক উষ্ণায়ন ঘ. বায়ুমণ্ডল পরিবর্তন

২৯. তোমার পৃথিবীর চারপাশ ঘিরে রয়েছে বায়ুমণ্ডল। এর কোন গ্যাস গ্রিন হাউজের কাচের দেয়ালের মতো কাজ করে?
ক. নাইট্রোজেন খ. অক্সিজেন
গ. কার্বন-ডাইঅক্সাইড ঘ. হাইড্রোজেন

৩০. গ্রিন হাউজ প্রভাবের ফলে কী ঘটছে?
ক. পৃথিবীর তাপমাত্রা হ্রাস পাচ্ছে
খ. পুকুরের পানির উচ্চতা বৃদ্ধি পাচ্ছে
গ. জলবায়ুর পরিবর্তন হচ্ছে
ঘ. গাছপালা বৃদ্ধি পাচ্ছে

৩১. বীনার চাচা গ্রামে সৌর বিদ্যুৎ ব্যবহার করে। এই বিদ্যুৎ পেতে তিনি বাড়িতে কী স্থাপন করেন?
ক উইন্ডমিল খ সৌর প্যানেল
গ সৌরস্ট্যান্ড ঘ সৌরচুল্লি

৩২. নবায়নযোগ্য সম্পদ হিসেবে কোনটি ব্যবহার করা হয়?
ক. প্রাকৃতিক গ্যাস খ. কয়লা
গ. পানির স্রোত ঘ. প্লাস্টিক

৩৩. স্নেহাদের গ্রামে পূর্বে অনেক বনজঙ্গল ছিল। গ্রামের মানুষ বন উজাড় করে সেখানে শস্য উৎপাদন করছে। এই বনভূমির ধ্বংসের ফলে কোনটির পরিবর্তন হবে?
ক. বৃক্ষের খ. শস্য উৎপাদনের
গ. বাস্তুসংস্থানের ঘ. পশুপালনের

৩৪. শফিক এইচ.এস.সি পাশ করার পর আইসিটি নিয়ে পড়বে ভাবছে। এই বিষয়টি শিখে শফিক কোন সমস্যা সমাধান করতে পারবে?
ক. ভূমিক্ষয় খ. গাছপালা নিধন
গ. জনসংখ্যা বৃদ্ধি ঘ. বন্যা

৩৫. মনির ও রুমা দুজন গরীব দম্পত্তি। কিন্তু তাদের সন্তানের সংখ্যা ৭ জন। মনির ও রুমা কীভাবে তাদের জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তর করবে?
ক. যথাযথ বিজ্ঞান শিক্ষার মাধ্যমে
খ. কর্মসংস্থানে জড়িয়ে
গ. বিদেশে পাঠিয়ে
ঘ. ভিক্ষা করিয়ে

৩৬. ঋতু প্রতিদিন সকালে বাগানের গাছের পরিচর্যা করে। ঋতুর গাছের ত্যাগকৃত কোন পদার্থ শ্বাসগ্রহণের সময় সে ব্যবহার করে?
ক. অক্সিজেন খ. কার্বন-ডাইঅক্সাইড
গ. নাইট্রোজেন ঘ. কার্বন মনোঅক্সাইড

৩৭. মেঘলার পেয়ারা গাছের বীজ থেকে গাছের গোরায় ছোট ছোট নতুন চারা হয়েছে। মেঘলার গাছের বীজ সৃষ্টিতে কোন প্রাণী সাহায্য করে?
ক. বিড়াল খ. মৌমাছি
গ. মাকড়সা ঘ. তেলাপোকা

৩৮. সিয়ামদের বাসায় বিদ্যুৎ চলে গেলে জেনারেটরের সাহায্যে বিদ্যুৎ পায়। সেখানে কোন ধরনের দূষণ হয়ে থাকে?
ক. মাটিদূষণ খ. পানিদূষণ
গ. বায়ুদূষণ ঘ. শব্দদূষণ

Teachingbd.com

৩৯. হঠাৎ আওয়াজ, গোলমাল, বিভিন্ন শব্দে আমাদের শারীরিক সমস্যা তৈরি হতে পারে। এ দূষণের ফলে নিচের কোন সমস্যাটি হতে পারে?
ক. হাতে সমস্যা খ. চোখে সমস্যা
গ. কানে সমস্যা ঘ. মুখে সমস্যা

৪০. তোমার বোন প্লাস্টিকের খেলনা ভেঙ্গে ফেলেছে। এটা তুমি কী করবে?
ক. পানিতে ফেলে দিব খ. জমিতে ফেলে দিব
গ. রাস্তায় ফেলে দিব ঘ. পুড়িয়ে ফেলবো

৪১. মাটির উর্বরতা বৃদ্ধিতে সহায়তা করে কোনটি?
ক. কীটপতঙ্গ খ. প্রাণীর মৃতদেহ
গ. পশুর চামড়া ঘ. ক্লোরোফিল

৪২. মাটি দূষণের ক্ষতিকর প্রভাব কোনটি?
ক. তাপমাত্রা বৃদ্ধি খ. এসিড বৃষ্টি
গ. ডায়রিয়া ঘ. জমির উর্বরতা নষ্ট

৪৩. মানুষের শ্রবণশক্তি হ্রাস পাওয়ার মূল কারণ কী?
ক. বায়ু দূষণ খ. মাটি দূষণ
গ. পানি দূষণ ঘ. শব্দ দূষণ

৪৪. নিচের কোনটি ছাড়া আমরা বেঁচে থাকতে পারি না?
ক. মাটি খ. খনিজ
গ. পোশাক ঘ. পানি

৪৫. বায়ু দূষণের ফলে নিচের কোন রোগটি হয়?
ক. মস্তিষ্ক ধ্বংস হয় খ. ফুসফুসের রোগ হয়
গ. চোখের রোগ হয় ঘ. চর্মরোগ হয়

৪৬. তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অপর নাম কী?
ক. আইটি খ. ইন্টারসিটি
গ. আইসিটি ঘ. এমআইটি

৪৭. বাংলাদেশে শীতকালে কোন মৌসুমি বায়ু প্রবাহিত হয়?
ক. উত্তর-পূর্ব খ. দক্ষিণ-পশ্চিম
গ. পূর্ব-পশ্চিম ঘ. উত্তর-দক্ষিণ

৪৮. কোনো স্থানের বহু বছরের আবহাওয়ার গড় বা সামগ্রিক অবস্থা কোনটি?
ক. আর্দ্রতা খ. বায়ুপ্রবাহ
গ. তাপমাত্রা ঘ. জলবায়ু

৪৯. কোনটি অনবায়নযোগ্য প্রাকৃতিক সম্পদ?
ক. পশুপাখি খ. গাছপালা
গ. কয়লা ঘ. পানি

৫০. জৈব প্রযুক্তি ব্যবহার করে কোন ক্ষেত্রে উৎপাদন বৃদ্ধি সম্ভব হচ্ছে?
ক. কৃষি ক্ষেত্রে খ. গবেষণা ক্ষেত্রে
গ. চিকিৎসা ক্ষেত্রে ঘ. শিক্ষা ক্ষেত্রে

২. নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ। ১×১৫=১৫

ক. শারীরিক, মানসিক ও আচরণিক পরিবর্তনগুলো ছেলে মেয়েদের মধ্যে একটি নির্দিষ্ট সময় দেখা যায়। এই সময়টাকে কী বলে?

খ. ডায়রিয়া, কলেরা, আমাশয় ইত্যাদি পানিবাহিত রোগগুলো পরিবেশে কীভাবে বিস্তার লাভ করে?

গ. আর্সেনিকযুক্ত পানি দীর্ঘদিন যাবৎ পান করলে কোন ধরনের সমস্যা দেখা দিতে পারে?

ঘ. আধুনিক কৃষি যন্ত্রপাতি মানুষকে কীভাবে সাহায্য করছে?

ঙ. পদার্থের দশা পরিবর্তনে ভূমিকা রাখে এমন নিয়ামকের নাম লেখ।

চ. আমরা বৈজ্ঞানিক পদ্ধতি অবলম্বন করে খাদ্য সংরক্ষণ করে থাকি। এমন দুটি পদ্ধতির নাম লিখ।

ছ. পানি বিভিন্ন প্রজাতির উদ্ভিদের আবাসস্থল। দুটি উদাহরণ দাও।

জ. প্রাকৃতিক দুর্যোগ সৃষ্টিতে কী প্রধান ভূমিকা রাখে?

ঝ. বায়ুর বিভিন্ন উপাদানের মধ্যে নাইট্রোজেন অন্যতম। এর একটি ব্যবহার লিখ।

ঞ. তথ্য সংরক্ষণের জন্য আমরা বিভিন্ন প্রযুক্তি ব্যবহার করি। দুটি প্রযুক্তির নাম লিখ।

ট. টর্নেডো কী?

ঠ. আহ্নিক গতি কাকে বলে?

ড. মানবসৃষ্ট সম্পদের দুইটি উদাহরণ দাও।

ঢ. মাটি ও পানি কেন দূষিত হচ্ছে?

ণ. হাইব্রিড গাড়ি কী?

৩. ক থেকে জ-এর মধ্যে ৬টি প্রশ্নের উত্তর এবং ঝ ও ঞ থেকে ১টি প্রশ্নের উত্তর দাও: ৫ × ৭ = ৩৫

ক. শহরে কারখানার বড় বড় যন্ত্রপাতি ব্যবহারের ফলে তীব্র শব্দ সৃষ্টি হয়। এতে কী ঘটে? এই তীব্র শব্দে সৃষ্ট ৪টি সমস্যা উল্লেখ কর। ১+৪ = ৫

খ. প্রযুক্তির বিকাশ কেন ঘটে? বিজ্ঞানের অপব্যবহারের চারটি উদাহরণ লেখ। ১+৪=৫

গ. বরফ কীভাবে পানিতে পরিণত হয়? দুধ কেন তরল পদার্থ? তিনটি কারণ লেখ। কোনো কিছু না মুছে বোতলের ভেতরে লেগে থাকা পানি দূর করার ১টি উপায় লেখ। ১+৩+১=৫

ঘ. কিছুদিন আগে বাগেরহাটে নিম্নচাপের ফলে ঝড়ের সৃষ্টি হয়, এ ঝড়ের নাম কী? এর দুটি বৈশিষ্ট্য লেখ। এ ঝড় কী ক্ষতি করে তা দুটি বাক্যে লেখ। ১+২+২=৫

ঙ. শিফা ভূগোল বই থেকে পৃথিবীর একমাত্র উপগ্রহের কথা জানলো। সে কোন উপগ্রহের কথা জানলো? পৃথিবী থেকে এর দূরত্ব কত? এই উপগ্রহ থেকে পৃথিবীতে আলো পৌঁছাতে কত সময় লাগে? উপগ্রহটি কীসের আলো প্রতিফলিত করে? ১+১+২+১=৫

চ. পানিচক্র কাকে বলে? পানিচক্রের ওপর তিনটি বাক্য লেখ। ২+৩=৫

ছ. ইন্টারনেট কী? কীভাবে আমরা ইন্টারনেটের সাহায্যে তথ্য সংরক্ষণ করব? চারটি বাক্যে লেখ। ১+৪=৫

জ. খাদ্য সংরক্ষণের ৩টি উপায় লেখ। খাদ্য সংরক্ষণের দু'টি উপকারিতা লেখ। ৩+২=৫

ঝ. পরিবেশের উপর জনসংখ্যা বৃদ্ধির পাঁচটি প্রভাব লেখ। ৫

ঞ. প্রাকৃতিক সম্পদের যথাযথ ব্যবহারের ৫টি কারণ লেখ। ৫

Teachingbd.com

# উত্তরমালা

১. ১. খ. দূরবীক্ষণ; ২. গ. ৬৬ ডিগ্রি; ৩. খ. বার্ষিক গতি; ৪. ঘ. টেলিস্কোপ; ৫. ক. খাড়াভাবে; ৬. খ. জলীয় বাষ্প; ৭. ক. মেঘের পানিকণা খুব ঠাণ্ডা হয়ে যাওয়া; ৮. খ. কার্বন ডাইঅক্সাইড; ৯. ক. অক্সিজেন; ১০. খ. কলকারখানার বিষাক্ত ধোঁয়া; ১১. ঘ. প্রতিফলন; ১২. গ. টেলিভিশন দেখতে; ১৩. গ. ১-২ বার; ১৪. ক. ফরমালিন; ১৫. ক. ক্যালসিয়াম কার্বাইড; ১৬. গ. ডেঙ্গু; ১৭. গ. বয়ঃসন্ধিকাল; ১৮. ক. দিন; ১৯. খ. বার্ষিক গতি; ২০.গ. উত্তর গোলার্ধে; ২১. খ. সেচের প্রচলন; ২২. ক. ভয়াবহ; ২৩. ক. নতুন কিছু শিখতে; ২৪. ক. ইন্টারনেট; ২৫. গ. ক্যামেরা; ২৬. খ. বায়ুচাপ; ২৭. খ. ঘূর্ণিঝড়; ২৮. গ. বৈশ্বিক উষ্ণায়ন; ২৯. গ. কার্বন-ডাইঅক্সাইড; ৩০. গ. জলবায়ুর পরিবর্তন হচ্ছে; ৩১. খ সৌর প্যানেল; ৩২. গ. পানির স্রোত; ৩৩. গ. বাস্তুসংস্থানের ; ৩৪. গ. জনসংখ্যা বৃদ্ধি; ৩৫. ক. যথাযথ বিজ্ঞান শিক্ষার মাধ্যমে; ৩৬. ক. অক্সিজেন; ৩৭. খ. মৌমাছি; ৩৮. ঘ. শব্দদূষণ; ৩৯. গ. কানে সমস্যা; ৪০. ঘ. পুড়িয়ে ফেলবো; ৪১. খ. প্রাণীর মৃতদেহ; ৪২. ঘ. জমির উর্বরতা নষ্ট; ৪৩. ঘ. শব্দ দূষণ; ৪৪. ঘ. পানি; ৪৫. খ. ফুসফুসের রোগ হয়; ৪৬. গ. আইসিটি; ৪৭. ক. উত্তর-পূর্ব; ৪৮. ঘ. জলবায়ু; ৪৯. গ. কয়লা; ৫০. ক. কৃষি ক্ষেত্রে।

২. ক. বয়ঃসন্ধিকাল।

খ. জীবাণুযুক্ত দূষিত পানির মাধ্যমে পরিবেশে এ রোগগুলো বিস্তার লাভ করে।

গ. আর্সেনিকযুক্ত পানি দীর্ঘদিন পান করলে হাতে-পায়ে এক ধরনের ক্ষত বা ঘা তৈরি হয়।

ঘ. আধুনিক কৃষি যন্ত্রপাতি মানুষকে স্বল্প সময়ে অধিক খাদ্য উৎপাদনে সাহায্য করছে।

ঙ. পদার্থের দশা পরিবর্তনের ভূমিকা রাখে এমন নিয়ামক হলো–

i. তাপ, ii. চাপ।

চ. i. শুকিয়ে খাদ্য সংরক্ষণ।

ii. বরফ জমানো ঠাণ্ডায় খাদ্য সংরক্ষণ।

ছ. পানিতে বাস করে এমন দুটি উদ্ভিদের নাম হলো–

i. শাপলা ii. কচুরিপানা।

জ. প্রাকৃতিক দুর্যোগ সৃষ্টির ক্ষেত্রে জলবায়ুর পরিবর্তন প্রধান ভূমিকা রাখে।

ঝ. বায়ুর নাইট্রোজেন উপাদানটির ২টি ব্যবহার হলো–

i. ইউরিয়া সার তৈরিতে ব্যবহার করা হয়।

ঞ. তথ্য সংরক্ষণ প্রযুক্তির ২টি উদাহরণ হলো–

i. পেনড্রাইভ; ii. ডিভিডি

ট. টর্নেডো হলো সরু, ফানেল আকৃতির ঘূর্ণায়মান শক্তিশালী বায়ু প্রবাহ।

ঠ. নিজ অক্ষের উপর পৃথিবীর লাটিমের মতো ঘূর্ণায়মান গতিকে আহ্নিক গতি বলে।

ড. মানবসৃষ্ট সম্পদের দুইটি উদাহরণ হলো–

i. কাগজ; ii. প্লাস্টিক

ঢ. কৃষি জমিতে রাসায়নিক সার ও কীটনাশকের অতিরিক্ত ব্যবহারের ফলে মাটি ও পানি দূষিত হচ্ছে।

ণ. যে গাড়ি বিদ্যুৎ ও তেল উভয় জ্বালানি ব্যবহার করে চলতে পারে তাকে হাইব্রিড গাড়ি বলে।

Teachingbd.com